

# ■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১২১৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২০৭]

৮/ বিভিন্ন নেক আমলের ফ্যীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ২১৬: যাকাতের অপরিহার্যতা এবং তার ফযীলত

(216) بَابُ تَأْكِيْدِ وُجُوْبِ الزَّكَاةِ وَبَيَانِ فَضْلِهَا وَمَا يَتَعَلَّقُ بِهَا

## আরবী

وَعَن طَلْحَةَ بِنِ عُبَيدِ اللهِ رضي الله عنه، قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم مِنْ أَهْلِ نَجْدٍ قَائِرُ الرَّأْسِ نَسْمَعُ دَوِيَّ صَوْتِهِ، وَلاَ نَفْقَهُ مَا يَقُولُ، حَتَّى دَنَا مِنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، فَإِذَا هُو يَسأَلُ عَنِ الإِسْلاَمِ، فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم، فَإِذَا هُو يَسأَلُ عَنِ الإِسْلاَمِ، فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم على الله عليه وسلم: «خَمْسُ صَلَواتٍ في اليَوْمِ وَاللَّيْلَةِ» قَالَ: هَلْ عَلَيَّ غَيْرُهُنَ ؟ قَالَ: «لاَ، إِلاَّ أَنْ تَطَّوَّعَ» فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم على الله عليه وسلم على الله عليه وسلم الزَّكَاةَ، فَقَالَ: هَلْ عَلَيَّ غَيْرُهُ ؟ قَالَ: «لاَ، إِلاَّ أَنْ تَطَّوَّعَ» قَالَ: هَلْ عَلَيَّ غَيْرُهُ ؟ قَالَ: «لاَ، إلاَّ أَنْ تَطَّوَّعَ» قَالَ: هَلْ عَلَيَّ غَيْرُهُ ؟ قَالَ: «لاَ، إلاَّ أَنْ تَطَّوَّعَ» قَالَ: هَلْ عَلَيَ غَيْرُهُ ؟ قَالَ: وَللهِ لاَ أَرْبِدُ عَلَى هَذَا وَلاَ عَلَي عَيْرُهُ ؟ قَالَ: «لاَ، إلاَّ أَنْ تَطَّوَّعَ» فَأَدْبَرَ الرَّجُلُ وَهُو يَقُولُ: وَاللهِ لاَ أَرْبِدُ عَلَى هَذَا وَلاَ عَلَي عَيْرُهُ ؟ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم على الله عليه وسلم: «أَقْلَحَ إِنْ صَدَقَ عَلَيْهِ وسلم: «أَقْلَحَ إِنْ صَدَقَ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ وسلم على الله عليه وسلم: «أَقْلَحَ إِنْ صَدَقَ عَلَيْهِ وسلم: «أَقْلَحَ إِنْ

#### বাংলা

২/১২১৫। ত্বালহা ইবনে উবাইদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন নাজদ (রিয়ায এলাকার) অধিবাসীদের একজন আলুলায়িত কেশী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হল। আমরা তার ভনভন শব্দ শুনছিলাম, আর তার কথাও বুঝতে পারছিলাম না। শেষ পর্যন্ত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসল এবং (তখন বুঝলাম,) সে ইসলাম সম্পর্কে প্রশ্ন করছে। (উত্তরে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "(ইসলাম হল,) দিবা-রাত্রিতে পাঁচ অক্তের নামায (প্রতিষ্ঠা করা)।" সে বলল, 'তা ছাড়া আমার উপর অন্য নামায আছে কি?' তিনি বললেন, "না, কিন্তু যা কিছু তুমি নফল হিসাবে পড়বে।"

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবার বললেন, "এবং রমযান মাসের রোযা।" লোকটি বলল, 'তা ছাড়া আমার উপর অন্য রোযা আছে কি?' তিনি বললেন, "না, তবে তুমি যা নফল হিসাবে করবে।" বর্ণনাকারী বলেন,



রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে যাকাতের কথা বললেন। সে বলল, 'তাছাড়া আমার উপর অন্যদান আছে কি?' তিনি বললেন, "না, তবে তুমি যা নফল হিসাবে করবে।" তারপর লোকটি পিঠ ফিরিয়ে এ কথা বলতে বলতে যেতে লাগল, 'আল্লাহর কসম! আমি এর চাইতে বেশী কিছু করব না এবং এর চেয়ে কমও করব না।' তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, "লোকটি সত্য বলে থাকলে পরিত্রাণ পেয়ে গেল।" (বুখারী ও মুসলিম)[1]

### **English**

(216) Chapter: The Excellence and Obligation of the Payment of Zakat

Talhah bin 'Ubaidullah (May Allah be pleased with him) reported: A person with dishevelled hair, one of the people of Najd, came to the Messenger of Allah (ﷺ). We heard the humming of his voice but could not fully understand what he was saying, till he approached close to the Messenger of Allah (ﷺ). Then I came to know that he was asking about Islam. The Messenger of Allah (ﷺ) said: "There are five (obligatory) Salat during the day and the night." He said: "Am I obliged to perform any other (Salat) besides these?" The Messenger of Allah (ﷺ) said, "No, but whatever you observe voluntarily." He (ﷺ) added, "There is the Saum of Ramadan." The inquirer asked: "Am I obliged to do anything besides this?" The Messenger of Allah (ﷺ) said, "No, but whatever you do out of your own free will. You may observe voluntary fasting." And the Messenger of Allah (ﷺ) told him about the Zakat (obligatory charity). The inquirer asked: "Am I obliged to pay anything besides this?" The Messenger of Allah (ﷺ) said, "No, but whatever you pay voluntarily out of your own free will." That man turned back saying: "By Allah! I will neither make any addition to this nor will I decrease anything from it." (Upon hearing this) the Messenger of Allah (ﷺ) remarked, "He is successful if he proves truthful (to what he is saying)."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith highlights the following three points:

- 1. The status of some of the important obligations and voluntary prayers.
- 2. By mentioning practice with the precepts, it has made the fact evident that the two are inseparable.
- 3. It indicates the sagacious mode of preaching and invitation, and tells that



ordinary people should be first of all taught the obligations of Islam and then gradually told to follow the Sunnah and Mustahabbat (desirable acts).

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৪৬, ১৮৯১, ২৬৭৮, ৬৯৫৬, মুসলিম ১১, নাসায়ী ৪৫৮, ২০৯০, ৫০২৮, আবূ দাউদ ৩৯১, ৩২৫২, আহমাদ ১৩৯৩, মুওয়াত্তা মালিক ৪২০, দারেমী ১৫৭৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন